আপনার জিজ্ঞাসা

জবাব দিচ্ছেন - মাওলানা আবুল কালাম আযাদ

মোঃ ইয়াকুব আলী, কাতার

প্রশ্ন-১. তাহাজ্জুদ নামায স্বামী স্ত্রী একসাথে জামাতে আদায় কতে পারবেন কী?

উত্তর : জ্বী-হা, তাহাজ্জুদ নাযাজ স্বামী স্ত্রী একসাথে জামাত করে আদায় করতে পারবে। এ ক্ষেত্রে স্বামী সামনে এবং স্ত্রী পিছনে দাঁড়াবেন।

প্রশ্ন-২. অনেকে বলে ৪ মাসের বেশী স্ত্রীকে রেখে বিদেশে থাকা নাকি না জায়েজ। কথাটি কি শরিয়তসম্মত?

উত্তর : কুরআন হাদীসে এ ধরনের কোন কথা আছে বলে আমাদের জানা নেই।

নাম প্রকাশে অনিচ্ছুক

প্রশ্ন-৩. আমার এক অত্মীয়ের সাড়ে সাত ভরি স্বর্ণ আছে। সে যেদিন যাকাত দিবে তাঁর আগের দিন ২৬ লাখ টাকা পেয়েছে। ঐ টাকার যাকাত কি এখনই আদায় করতে হবে নাকি ১ বছর হলে আদায় করতে হবে?

উত্তর : জ্বী হা, ঐ ২৬ লাখ টাকার যাকাত এখনই দিতে হবে। বছর শেষে ব্যাংকে বা হাতে যে টাকাই থাকুক না ১ বছর হোক আর ১ মাসই হোক ঐ টাকার যাকাত পুরোটাই হিসাব করে আদায় করতে হবে।

সারীফউদ্দিন আহমদ

প্রশ্ন-৪. নামাযের ভিতরে সূরা শুরু করার পূর্বে কি বাধ্যতামূলক বিস্‌মিল্লাহ্‌ পড়তে হবে?

উত্তর : বিষয়টি নিয়ে আলেমদের মধ্যে মতভেদ রয়েছে। কেউ কেউ বলেন সূরা তাওবা ব্যতিত বিস্‌মিল্লাহ সকল সূরার অবিচ্ছেদ্য অংশ। সুতারাং বিস্‌মিল্লাহ পড়া না হলে সূরার ১টি আয়াত ছুটে যাবে। কারও কারও মতে বিস্‌মিল্লাহ সূরার অংশ নয় সুতরাং এটি পড়া বাধ্যতামূলক নয়। তবে সতর্কতার জন্য বিস্‌মিল্লাহ পড়াই উত্তম। সূরা তাওবার শুরুতে ছাড়া।

এস. এম. জাহিদ

প্রশ্ন-৫. কেউ যদি হস্তমৈথুন করে বা পর্ণোগ্রাফি দেখে সেটা কি জ্বেনা করা হবে?

উত্তর : এটা সরাসরি জ্বেনা না হলেও এক ধরনের কাজের জন্য কবীরা গুণাহ হবে।

প্রশ্ন-৬. কেউ জ্বেনা করলে তাঁর কোন দোয়াই কবুল হবে না কথাটি কি সঠিক?

উত্তর : যে জ্বেনার সাথে প্রতিনিয়ত জড়িত থাকে আবার দোয়া করে তাঁর দোয়া কবুল হবে না। কিন্তু কেউ যদি তাওবা করে এবং আর জ্বেনা না করে তাহলে তাঁর উপরে আল্লাহ দয়া করতে পারেন।

ফরিদুল ইসলাম

প্রশ্ন-৭. আমি বিদেশে থাকি। এখানে যাকাত দিবো নাকি আমার দেশে দিতে হবে?

উত্তর : আপনি যে দেশে আছেন সেই দেশের নিয়ম অনুযায়ী ঐ দেশী টাকায় যাকাত পাওয়ার যোগ্য লোককে যাকাত দিতে পারবেন। আর লোক পাওয়া না গেলে ঐ পরিমাণ অর্থ বাংলাদেশী টাকায় পরিবর্তন করে বাংলাদেশে যাকাত দিতে পারেন।

জিকরুল হক

প্রশ্ন-৮. ইমামের পিছনে সূরা ফাতিহা শেষে জোরে আমিন বলতে হবে নাকি আস্তে আস্তে বলতে হবে?

উত্তর : জোরে আমীন বলাও বৈধ আস্তে আস্তে বলাও বৈধ। যে কোন একভাবে বলা যেতে পারে।

প্রশ্ন -৯. মানব জীবনের লক্ষ্য উদ্দেশ্য কি হওয়া উচিৎ?

উত্তর : আল্লাহ সন্তুষ্টি অর্জন করাই মানব জীবনের একমাত্র লক্ষ্য-উদ্দেশ্য হওয়া উচিৎ।

নাসীরুল্লাহ মৃধা

প্রশ্ন-৯. জু'মার নামায কয় রাকাত? কবলাল জু'মাহ ৪ রাকাত ২ রাকাত ফরজ এবং ২ রাকাত বাদাল জু'মাহ পড়লে চলবে কী?

উত্তর : এটা নিয়ে ভিন্নতা রয়েছে। তবে আপনি এভাবেও পড়তে পারেন। এতে কোন অসুবিধা নেই।

মুনীরা হক, কানাডা

প্রশ্ন-১০. এশার পরে বিতর নামাযের পরে কী কোন নফল নামায পড়া যাবে?

উত্তর : বিতর নামাযের পরে নফল নামায পড়তে কোন বাধা নেই। তবে রাতের শেষ নামায বিতর হওয়া উচিত।

প্রশ্ন-১১. আমি কানাডার যেখানে থাকি সেখান থেকে কিছু বাস নায়াগ্রা যায় জুয়া খেলার যাত্রী নিয়ে কম ভাড়ায়। এই সুবিধা পেতে হলে জুয়া খেলতে যাচ্ছি মর্মে রেজিস্ট্রেশন করতে হয়। এভাবে যদি যাই এবং জুয়া না খেলি সেটা কি ইসলামের দৃষ্টিতে বৈধ হবে?

উত্তর : মিথ্যার আশ্রয় না নেওয়াটাই ইসলাম সম্মত।

মোঃ রেজাউল ইসলাম

প্রশ্ন-১২. তারাবীর নামায ৮ রাকাত পড়ার পক্ষে সহীহ কোন দলীল পাওয়া যায় কী?

উত্তর : নির্দ্বিধায় বলা যায় রাসূল (সা:) ৮ রাকাত তারাবীহ এবং তিন রাকাত বিতর মোট ১১ রাকাত পড়তেন।

এস. এম জাহিদ

প্রশ্ন-১৩. কেউ যদি বলে মানবতাবাদই আমার ধর্ম এটা কী বিদাত হবে?

উত্তর : কেউ এটা বললে সেটা বিদাত হবে না বরং এটা ভ্রান্ত মতবাদ বলে বিবেচিত হবে। মানবতাবাদ কখনই ধর্ম হতে পারে না মতবাদ আর ধর্ম কখনই

এক হতে পারে না মানবতাদ একটি মতবাদ। ধর্ম আল্লাহ প্রদত্ত আর মতবাদ মানুষের সৃষ্ট সুতরাং এ দু'টো আলাদা।

ইঞ্জিনিয়ার নুর এ আলম

প্রশ্ন-১৪. আমার স্ত্রী হেজাব করতে পারে না কারণ মাথায় কাপড় দিয়ে ঢাকলে মাথা গরম হয়ে যায়। করণীয় জানতে চাই।

উত্তর : আপনার স্ত্রীকে চিকিৎসা করাতে হবে। ভালো না হওয়া পর্যন্ত পাতলা সুতী কাপড় দিয়ে হেজাব পরতে হবে।

প্রশ্ন-১৫. আমার ১০ ভরি স্বর্ণ আছে। আমি কি সাড়ে সাত ভরির যাকাত দিব নাকি ১০ ভরির যাকাতই আদায় করব?

উত্তর : সাড়ে সাত ভরি হচ্ছে যাকাতের নেসাব সাড়ে সাত ভরির কম স্বর্ণ থাকলে তাঁর যাকাত হবে না। কিন্তু বেশী হলে যতটুকু আছে পুরোটার যাকাত দিতে হবে। তাই আপনাকে ১০ ভরির যাকাত দিতে হবে।

নাম প্রকাশে অনিচ্ছুক

প্রশ্ন-১৬. আমি একটি মেয়েকে ভালোবাসি। পরে জেনেছি যে এটা ইসলাম অনুমতি দেয় না। কিন্তু আমি তাকে বিয়ে করব। আমি বেকার বলে এখন সম্ভব হচ্ছে না। একটা চাকুরী পাওয়া পর্যন্ত আমার করণীয় কী? আমি কি দোয়া করতে পারি।

উত্তর : ইসলামে বিয়ের আগে প্রেম করা নিষেধ। কখনও কখনও আমরা কিছু পছন্দ করি যা আমাদের জন্য মঙ্গলজনক নয়। আল্লাহ এ ব্যাপারে জানেন আমরা জানিনা। কোন একটি মেয়েকে আপন করে পাওয়া ঝীবনের উদ্দেশ্য হওয়া উচিৎ নয়। লক্ষ হওয়া উচিৎ আল্লাহর সন্তুষ্টি লাভ করা। আপনি এভাবে দোয়া করতে পারেন যে আল্লাহ যদি এই মেয়েকে স্ত্রী হিসেবে পাওয়া আমার জন্য কল্যাণকর হয় তাহলে পাওয়ার তৌফিক দাও। আর যদি অকল্যাণকর হয় তাহলে তার থেকে দূরে সরিয়ে দাও।

মফিজুর রহমান

প্রশ্ন-১৭. আমার ৫ লাখ টাকার ডিপিএস এবং ৫ ভরি স্বর্ণ আছে। আবার ৭ লাখ টাকা ব্যক্তিগত লোন আছে। যাকাত আদায়ের সময় ৫ ভরি স্বর্ণের হিসাবও করতে হবে কী? বিস্তারিত জানতে চাই।

উত্তর : সাড়ে সাত ভরি স্বর্ণ থাকলে যাকাত দিতে হয়। তাই আপনাকে ৫ ভরির যাকাত দিতে হবে না। এখন কথা হলো যে আপনার টাকা থাকা সত্ত্বেও লোন শোধ করেননি কেন? এই প্রশ্নের উত্তর পেলে আপনার যাকাতের বিষয়ে জানানো সম্ভব হবে।

শাহ আলম, জাপান

প্রশ্ন-১৮. আমার মেয়ের নাম 'শাহলা ইলাহা' এটা কি ইসলাম সম্মত নাম? এবং 'শাহলা রোজ' নাম কি মুসলমান নাম?

উত্তর : শাহলা ইলাহা নামটি কোন অর্থবোধক নাম নয় বরং এটি আপত্তিকর নাম আর শাহলা রোজও কোন ইসলামিক নাম নয়।

মোঃ আবুল বশার

প্রশ্ন-১৯. আমি গোসলের পূর্বে অজু করি গোসলের পরে নামায পড়ার জন্য অযু করতে হবে কী?

উত্তর : জ্বীনা, গোসলের পরে নামাযের জন্য আর আপনাকে অযু করতে হবে না। গোসল করেই নামাজ আদায় করতে পারবেন।

প্রশ্ন-২০. এক মুষ্টি দাড়ি না রাখলে তিনি ফাসেক বলে গণ্য হবেন কথাটি কি সঠিক?

উত্তর : দাড়ি রাখা একটি গুরুত্বপূর্ণ সুন্নত। কিন্তু আপনি যে পরিমাণ উল্লেখ করেছেন এ ধরনের কোন বর্ণনা কুরআন হাদীসে আছে বলে আমাদের জানা নেই।

প্রশ্ন-২১. তাবলীগ জামাত কর্তৃক মসজিদে খাওয়া এবং ঘুমানো কি সঠিক?

উত্তর : ইসলামি শরিয়ত অনুযায়ী মসজিদে খাওয়া এবং ঘুমানোটা অনাকাঙ্ক্ষিত কাজ। কোন প্রাকৃতিক বিপর্যয় বা জরুরী কিছু না ঘটলে মসজিদ কে খাওয়া এবং ঘুমের জায়গা হিসেবে ব্যবহার করাটা অনুচিত। কেবলমাত্র অন্য কোন আশ্রয় না থাকলে এটা করা যায়।

ফরিদুল ইসলাম, কঙ্গো

প্রশ্ন-২২. কোন ছাহেবে নেসাবের নিকট থেকে কেউ ৫০,০০০ টাকা নিলে যাকাত দেওয়ার সময় ঐ ৫০,০০০ টাকা ও হিসেব করতে হবে নাকি এটা বাদ দিয়ে যাকাত দিতে হবে।

উত্তর : জ্বী হা, ঐ ৫০,০০০ টাকাসহ হিসাব করেই যাকাত আদায় করতে হবে। বাদ দেওয়া যাবে না।

প্রশ্ন-২৩. যদি কোন শরিয়তসম্মত ওজরের কারণে জু'মার নামায আদায় করতে না পারে সেকি শুধু জোহর নামায পড়বে নাকি ক্বাযা জোহর নামায পড়বে।

উত্তর : এরকম হলে তিনি জোহর নামায পড়ে নিবেন।

হামিদুল হক

প্রশ্ন-২৪. ৪ রাকাত নামাযে আমি বেশির ভাগ সময়ে ২য় রাকাতে বসে আত্তাহিয়্যাতু পড়তে ভুলে যাই। এবং ৩য় রাকাতের জন্য দাঁড়িয়ে যাই। ৩য় রাকাতের পরে মনে পড়ে এমতাবস্থায় তখন কি করতে হবে?

উত্তর : পুরোপুরি দাঁড়িয়ে যাওয়ার আগে মনে পড়লে আপনি তৎক্ষণাৎ বসে যেতে পারেন এবং আত্তাহিয়্যাতু পড়ে ৩য় রাকাতের জন্য উঠতে পারেন। আর যদি পুরোপুরি দাঁড়িয়ে যাওয়ার পরে মনে পড়লে আপনি ৩য় ও ৪র্থ রাকাত পড়ে শেষ রাকাতে আত্তাহিয়্যাতু পড়ার পরে ডানদিকে একবার সালাম ফিরিয়ে সেজদায় সহু করে নিবেন এবং তার পরে আবার আত্তাহিয়্যাতু দরূদ। দোয়ায় মাসুরা পড়ে সালাম ফিরিয়ে নামায শেষ করবেন।

প্রশ্ন-২৫. স্বর্ণের যাকাতের সময় কোন মূল্যের উপর ভিত্তি করে যাকাত দিতে হবে।

উত্তর : বর্তমান বাজার মূল্য থেকে ২০ ভাগ বাদ দিয়ে তার উপরে হিসাব করে স্বর্ণের যাকাত দিতে হবে।

প্রশ্ন-২৬. আমি একজন ছাত্র। চাকুরী করে যে বেতন পাই তা মাস শেষ হওয়ার আগেই শেষ হয়ে যায় তাই আমাকে কি যাকাত দিতে হবে? আর প্রভিডেন্ট ফান্ডের টাকার উপরে যাকাত দিতে হবে কি যার উপর আমার এখন কোন মালিকানা নেই।

উত্তর : চাকুরীর শেষে যখন আপনি প্রভিডেন্ট ফান্ডের টাকার মালিক হবেন তখনই ঐ টাকার যাকাত দিতে হবে এখন নয়। আপনার বর্ণনা অনুযায়ী আপনার উপরে এ যাকাত ফরজ নয়।

প্রশ্ন-২৭. আমার উপরে যাকাত ফরজ। কিন্তু ধরুন আমি ব্যাংক থেকে লোন নিয়েছি ২০,০০০ টাকা প্রতিমাসে ১,০০০ টাকা করে শোধ করতে হয়। যাকাত দেওয়ার সময় পুরো ২০,০০০ টাকাই বাদ দিয়ে হিসাব করতে হবে কী?

উত্তর : জ্বী না, বছরে যে টাকা লোন শোধ করবেন অর্থ্যাৎ ১২ হাজার টাকা বাদ দিয়ে যাকাত হিসাব করতে হবে। পুরো লোনের টাকা বাদ দেওয়া যাবে না।

আজগর হোসেন, কোরিয়া

প্রশ্ন-২৮. চার রাকাত নামায পড়তে গিয়ে ২য় রাকাতে ভুল করে ডান পাশে সালাম ফিরানোর পর মনে পড়লে তখন করণীয় কী?

উত্তর : এরকম হলে আপনি বাম পাশে সালাম না ফিরিয়ে ৩য় রাকাতের জন্য উঠে দাঁড়িয়ে যাবেন এবং যথারীতি ৪র্থ রাকাতের শেষ বৈঠকে আত্তাহিয়্যাতু পড়ার পরে শুধু ডান পাশে সালাম ফিরিয়ে দু'টি সেজদা দিয়ে আবার আত্তাহিয়্যাতু দরুদ। দোয়ায় মাছুরা পড়ে সালাম ফিরিয়ে নামায শেষ করবেন।

নাজমুল হাসান চৌধুরী

প্রশ্ন-২৯. আমার পেনশনের টাকা সরকার কর্তৃক পরিচালিত পেনশনের সঞ্চয় পত্রের মাধ্যমে জমা রেখেছি এবং ৩ মাস পর পর লাভ উঠিয়ে সংসার খরচ চালাচ্ছি। এটি কি ঠিক আছে?

উত্তর : সরকারের এই সঞ্চয় পত্রের বিপরীতে আপনি যে টাকা পাচ্ছেন সেটা মূলত লাভ নয় বরং সুদ যা ইসলামে নিষিদ্ধ সুতরাং আপনার টাকা কোন ইসলামি শরিয়ত অনুযায়ী পরিচালিত ব্যাংকে রাখতে পারেন।

প্রশ্ন-৩০. সহবাস ছাড়াই অনেক সময় আপনাআপনি বীর্যের ন্যায় অথবা বীর্য বের হলেও কি ফরজ গোসল করতে হবে?

উত্তর : জ্বী না, এরকম হলে গোসল ফরজ হবে না। কারণ স্ত্রী সহবাস ছাড়া যেটা বের হয় সেটা আসলে বীর্য নয় এটা অন্য কিছু। এ ক্ষেত্রে আপনি কেবল এগুলো পরিস্কার করে অযু করেই নামায আদায় করতে পারবেন।

প্রশ্ন-৩১. মাঝে মাঝে প্রস্রাব করার কিছুক্ষণ পরে দুই এক ফোটা প্রস্রাব বের হয়ে কাপড়ে বা শরীরে লেগে যায়। এ ক্ষেত্রে গোসল ছাড়া নামায হবে কী?

উত্তর : এমতাবস্থায় যদি প্রস্রাব জড়ানো কাপড় পাল্টে নেয়া সম্ভব না হয় তাহলে পানি দিয়ে কাপড়ের এ অংশ ধুয়ে নিয়ে নামায পড়া যাবে এবং শরীরের ঐ স্থান ও পানি দিয়ে ধুয়ে নিয়ে নামায পড়া যাবে। গোসলের প্রয়োজন হবে না।

প্রশ্ন-৩২. যদি জামাতে শরীক হয়ে ২ রাকাত নামায না পাই তাহলে ঐ ২ রাকাত কীভাবে আদায় করব?

উত্তর : এরকম হলে ইমাম সাহেব নামায শেষ করার পরে আপনি মনে মনে আল্লাহ আকবার বলে দাঁড়িয়ে যাবেন এবং মনে মনে সূরা ফাতিহা সহ যে কোন সূরা মিলিয়ে পড়ে রুকু এবং সেজদা করবেন। যদি ১ রাকাত না পেয়ে থাকেন তাহলে দুই সেজদা করে বসে আত্তাহিয়্যাতু দোয়া মাছুরা পড়ে সালাম ফিরিয়ে নামায শেষ করবেন আর ২ রাকাত না পেয়ে থাকলে যথারীতি আর ১ রাকাত পড়ে নামায শেষ করবেন।

জাহিদ

প্রশ্ন-৩৩. যাকাত হিসাব করার নির্দিষ্ট কোন দিন আছে কি?

উত্তর : যাকাত হিসাব করার নির্দিষ্ট কোন দিন নেই, সুবিধামত যে কোন দিন যাকাত হিসাব করা যেতে পারে।

প্রশ্ন-৩৪. নিজের চাচা বা ফুফুকে কি যাকাত দেওয়া যাবে।

উত্তর : জ্বী হা, দেওয়া যাবে যদি তারা যাকাত পাওয়ার যোগ্য হন।

প্রশ্ন-৩৫. যদি কেউ শাবান মাসের ২৫ তারিখে ৫ লাখ টাকা হাতে পায় আর রমযান মাসের ১ তারিখে যাকাতের হিসাব করে তাকে কি ঐ পাঁচ লাখ টাকার ও যাকাত দিতে হবে নাকি ১ বছর পরে ঐ টাকার যাকাত হিসাব করবে।

উত্তর : যদি ঐ ব্যক্তি আগে থেকেই যাকাত দেওয়ার মত সম্পদের অধিকারী হয় এরকম ব্যক্তি ৫ লাখ টাকার যাকাত তখনই আদায় করবেন তাকে ১ বছর অপেক্ষা করতে হবে না। ১ বছর অপেক্ষা করতে হবে ঐ ব্যক্তির যিনি তখনই কেবল যাকাত আদায়ের যোগ্যতা অর্জন করলেন।

আব্দুল মান্নান

প্রশ্ন-৩৬. চিকিৎসার জন্য পত্রিকার মাধ্যমে যে সকল আর্থিক সাহায্যের আবেদন পাওয়া যায় তাদের কে কি যাকাতের অর্থ দেওয়া যাবে?

উত্তর : যদি তাদের সাড়ে ৫২ তোলা রোপী বা ঐ পরিমাণ অর্থ না যাকে তাহলে তাদের যাকাতের অর্থ দেওয়া যাবে। তা ছাড়া জাতি

ধর্ম বর্ণ নির্বিশেষে যে কোন সাহায্য প্রার্থীকে আপনি যাকাতের বাইরের অর্থ দিয়েও সাহায্য করতে পারেন, করা উত্তম।

প্রশ্ন-৩৭. বাবার স্মৃতি হিসেবে বেড রুম অথবা ড্রইং রুমে ছবি টানানো যাবে কী?

উত্তর : এ ধরনের কাজ ইসলাম নিরুৎসাহিত করে। তাছাড়া ছবি টাঙ্গিয়ে রাখলে আপনার বাবার কী কোন উপকার হবে? অথবা আপনাদের কোন উপকার হবে কী?

এটি না করে বরং আমাদের উচিৎ নেক সন্তান হওয়া। যে সন্তানের দোয়া আল্লাহ কবুল করেন।

প্রশ্ন-৩৮. সহীহ দোয়ার ভালো একটি বইয়ের নাম জানতে চাই যেখানে সব দোয়া পাওয়া যাবে?

উত্তর : আপনি ‘হিসনুল মুসলিম' নামক দোয়ার বইটি সংগ্রহ করতে পারেন।

প্রশ্ন-৩৯. ৮ রাকাত তারাবীর পরে ১ রাকাত বিতর এর মধ্যে উচ্চস্বরে দোয়া কুনুত পড়া যাবে কী?

উত্তর : জ্বী হা, পড়া যাবে। একাকী নামায নিঃশব্দে পড়াই সঠিক নিয়ম।

জামাল হোসেন

প্রশ্ন-৪০. প্রেম করে বিয়ে করা যাবে কী?

উত্তর : প্রেম করে বিয়ে করা শরিয়ত সম্মত নয় বরং বিয়ে করে প্রেম করা শরিয়ত সম্মত।

রিজওয়ান দিলশাদ

প্রশ্ন-৪১. আমার সাড়ে ৭ ভরি স্বর্ণ রয়েছে কিন্তু আমার কোন বাড়ি নেই যা আমার মৌলিক প্রয়োজন। আমাকে কি যাকাত আদায় করতে হবে?

উত্তর : জ্বী হা, বাড়ি না থাকলেও নেসাব পরিমাণ স্বর্ণ আছে বলে আপনাকে যাকাত দিতে হবে। এটাই ইসলামের বিধান।

প্রশ্ন-৪২. বিদেশে অবস্থানরত ব্যক্তি ফিতরা কোথায় দেবে দেশে নাকি বিদেশে?

উত্তর : যে দেশে তিনি থাকেন সে দেশে তিনি ফিতরা আদায় করবেন, ফিতরা দেওয়ার মত মত কাউকে পাওয়া না গেলে সম পরিমাণ অর্থ দিয়ে দেশে ফিতরা আদায় করবেন।

মুনীরা হক

প্রশ্ন-৪৩. আমার যদি সাড়ে ৭ ভরি স্বর্ণ অথবা সম পরিমাণ অর্থ থাকে এবং পর্যায়ক্রমে এর সাথে টাকা যোগ হতে থাকে এই টাকারও যাকাত দিতে হবে।

উত্তর : বছর শেষে যে টাকাই থাকুক পুরোটার হিসাব করে যাকাত দিতে হবে। ১ মাস আগে যোগ হলেও।

প্রশ্ন-৪৪. স্বর্ণের এবং টাকার যাকাতের হিসেবে এবং আদায়ে আলাদা হয় কি? নাকি একই নিয়মে হয়।

উত্তর : টাকা এবং স্বর্ণ একইভাবে যাকাতের জন্য হিসেবে করতে হবে এতে কোন পার্থক্য নেই।

প্রশ্ন-৪৫. আমর ছেলের জন্য কিছু স্বর্ণ রেখে দিয়েছি। ছেলে বড় না হওয়া পর্যন্ত ঐ স্বর্ণের যাকাত কি আমাকে আদায় করতে হবে?

উত্তর : জ্বী হা, ঐ স্বর্ণের যাকাত আপাতত আপনাকেই দিতে হবে।

শাহিদ খান

প্রশ্ন-৪৬. আমার ১৪ লক্ষ টাকার যাকাত কত টাকা হতে পারে দয়া করে জানাবেন কি?

উত্তর : শতকরা আড়াই টাকা হারে আপনাকে যাকাত হিসাব করতে হবে। এতে করে আপনার ১৪ লক্ষ টাকার যাকাত আসবে ৩২ হাজার টাকা।

প্রশ্ন-৪৭. আমার বাবার কাছ থেকে নেয়া লোন এখনও শোধ করতে পারিনি। ঐ টাকার যাকাত বাবাকে দিতে হবে কি?

উত্তর : আজ হোক কাল হোক ঐ টাকার আপনার নিকট থেকে যেহেতু আপনার বাবা পাবেন তাই ঐ টাকার ও যাকাত দিতে হবে। যদি তা নেসার পরিমাণ হয়।

ফরিদুল ইসলাম, কঙ্গো

প্রশ্ন-৪৮. আমি পরিবারের প্রধান পরিবারের সকলে ফিতরার টাকা বাধ্যতামূলক ভাবে আমাকেই আদায় করতে হবে?

উত্তর : জ্বী হা, পরিবারের সকলের পক্ষ থেকে আপনাকেই তাঁদের ফিতরার টাকা দিতে হবে। স্থায়ীভাবে যে কাজের লোক রয়েছে তারও।

প্রশ্ন-৪৯. আমি শুনেছি যে ফিতরা হিসেবে খাদ্যের পরিবর্তে টাকা দিলে ফিতরা আদায় হবে না কথাটি কি সত্য?

উত্তর : জ্বী না, এ ধরনের একটি মতও রয়েছে। তবে অনেক আলেমের মতে প্রধান খাবারের পরিবর্তে সমমূল্যের টাকা দিয়েও ফিতরা দেয়া যাবে।

কাজী মাহমুদ

প্রশ্ন-৫০. রোযার নিয়তের বিষয়ে সঠিক পদ্ধতি জানতে চাই?

উত্তর : নিয়ত অর্থ ‘মনস্থির করা' বা ‘মনবাসনা'। যে ইবাদত করবেন সেটি মনে মনে ঠিক করার নামই নিয়ত উচ্চারণ করা শরিয়তের বিধান নয় বলেই আমরা জানি হজ্জের ক্ষেত্রে ছাড়া।

অনুলিখন : এস. এম. ফায়ছাল আযাদ

এই বিভাগে আপনিও প্রশ্ন পাঠাতে পারেন

প্রশ্ন পাঠাবার ঠিকানা : মাসিক জিজ্ঞাসা, বাড়ী নং-৬, রোড নং-৩৩, সেক্টর-৭, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০